

রংপুর বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু আজ

মাহবুব রহমান, রংপুর অফিস

আজ থেকে রংপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হচ্ছে। দ্বিতীয় পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আদলে এর কার্যক্রম চলবে। শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করবেন আজ। জাইস চ্যান্সেলর হিসেবে নিযুক্ত করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের প্রফেসর ড. এম লুৎফর রহমানকে। তার তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয় সিভিলিটি, প্রোভিডি, জেজিষ্টার, ট্রেজারারি অন্যান্য কর্মকর্তা-কর্মচারী নিয়োগ এবং ভর্তি প্রক্রিয়া শুরু করা হবে। ৪টি অনুষদে ৬টি বিভাগ নিয়ে প্রাথমিক পর্যায়ে এ বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হবে। জেলা প্রশাসন সূত্র জানায়, রংপুর বিশ্ববিদ্যালয় কার্যক্রম চালুর জন্য মঙ্গলবার দুদিনের সফরে রংপুরে আসেন শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান। তার সঙ্গে ছিলেন শিক্ষা সচিবালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয় শাখা) একেডেম পক্ষিকুল ইসলাম, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী একেএম শাহজাহান পাটোয়ারীসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা। এছাড়াও জামায়াতের বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিন ড. প্রফেসর আমিনুল ইসলাম চৌধুরী ও প্রফেসর মওদুদ এলাহী। মঙ্গলবার রংপুর জেলা প্রশাসন সংকলন রুকে রংপুর বিশ্ববিদ্যালয় সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। সেখানে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান রংপুর বিশ্ববিদ্যালয়ের ডিন নিয়োগের ঘোষণা দেন। কনিষ্ঠের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স বিভাগের প্রফেসর ড. লুৎফর রহমানকে রংপুর বিশ্ববিদ্যালয়ের ডিন হিসেবে নিযুক্ত করা হয়েছে। তিনি রংপুর

বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সভায় উপস্থিত ছিলেন। আজ রংপুর বিশ্ববিদ্যালয় কার্যক্রমের যাত্রা শুরুর ঘোষণা দেন শিক্ষা উপদেষ্টা। সূত্র জানায়, নবনিযুক্ত ডিন ড. লুৎফর রহমান ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে ছাত্রছাত্রী ভর্তি করণ বিতরণ ও জমা এবং কবে থেকে চলতি শিকারবেরে ক্লাস শুরু হবে তা জানিয়ে দেবেন। প্রাথমিক পর্যায়ে ৪টি অনুষদের ৬টি বিভাগে প্রাথমিক পর্যায়ে ৩০০ শিক্ষার্থী নিয়ে ক্লাস শুরু হবে। এ ক্লাস ও প্রাথমিক নাটকটরিক কাজ চলবে রংপুর টিচার্স ট্রেনিং কলেজে। জানা গেছে, এখন এসব কাজ খোলামোহাের কাজ শুরু হয়েছে। আসবাবপত্র বানানো হচ্ছে। সূত্র জানায়, মানবিক অনুষদে বাংলা, ইংরেজি, সামাজিক বিজ্ঞান অনুষদে অর্থনীতি বাণিজ্য অনুষদে বিবিএ এবং বিজ্ঞান অনুষদে গণিত ও কম্পিউটার সাইন্স রয়েছে। ৪টি অনুষদেই প্রত্যেকটির জন্য ৫ জন করে শিক্ষক থাকবেন। এর মধ্যে একজন করে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও দু'জন প্রভাষক রয়েছেন। রংপুর তারমাইকেল কলেজ থেকে নেয়া এই কলেজের পাশের ৭৫ একর জমিতে রংপুর বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো নির্মিত হবে। এজন্য প্রি-একনেকের বৈঠকে ১০০ কোটি টাকা বরাদ্দের জন্য অনুমোদন দেয়া হয়েছে। মোট ভবির ৪০ একরের মধ্যে অবকাঠামো নির্মাণের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তর থেকে প্রস্তাব আকারে পাঠানোর জন্য কর্মকাণ্ড চলছে। এর মধ্যে রয়েছে মাটি উন্নয়ন, একাডেমিক, প্রশাসনিক, আবাসিক, লাইব্রেরি এবং উপচার্য অফিস ও আর্থনিক ভবন, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ডরমেটরি ও ক্যাফেটেরিয়া। এ প্রকল্পের কাজ ৩ বছর পর্যন্ত চলবে বলে সূত্র জানায়।



রংপুর সরকারি টিচার্স ট্রেনিং কলেজ। এ ভবনেই শুরু হবে রংপুর বিশ্ববিদ্যালয়ের ক্লাস। ইনসেটে নবনিযুক্ত ডিনকে মঙ্গলবার রংপুরে স্বাগত জানানো হয়

মাটি উন্নয়ন, একাডেমিক, প্রশাসনিক, আবাসিক, লাইব্রেরি এবং উপচার্য অফিস ও আর্থনিক ভবন, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ডরমেটরি ও ক্যাফেটেরিয়া। এ প্রকল্পের কাজ ৩ বছর পর্যন্ত চলবে বলে সূত্র জানায়।